দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 15 JUN 2016 ...
পৃষ্ঠা ...৭... কলাম ...২...

# আশুলিয়ায় মেডিক্যাল শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, ওসিসহ আহত ২০

■ ইত্তেফাক রিপোর্ট

আশুলিয়ার নাইটিংগেল মেডিক্যাল কলেজ হাসপাতালের আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে সংঘর্ষে পুলিশের ওসিসহ অন্তত ২০ জন আহত হয়েছে। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শিক্ষার্থীদের অভিযোগ, গতকাল ভোর চারটার দিকে দুই শতাধিক পুলিশ, ক্যাম্পাসের প্রধান ফটকের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে আন্দোলনরত শিক্ষার্থীদের কাছ থেকে কলেজের ব্যবস্থাপনা পরিচালক হুমায়ন জামান চৌধুরীকে মুক্ত করতে গেলে শিক্ষার্থীদের সাথে পুলিশ সংঘর্ষে জড়িয়ে পড়ে।

এসময় উভয় পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটলে পুলিশ শতাধিক রাউন্ড টিয়ারসেল ও রাবার বুলেট নিক্ষেপ করে।

এক পর্যায়ে শিক্ষার্থীরাও পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন। এসময় পুলিশের গুলিতে সাদিয়া নামের এক শিক্ষার্থী এবং আশুলিয়া থানার ওসিসহ অন্তত ২০ জন আহত হয়। এক পর্যায়ে পুলিশের তোপের মুখে শিক্ষার্থীরা পিছু হটে ছত্রভঙ্গ হয়ে যায়। এদিকে, সকাল থেকে আন্দোলনরত শিক্ষার্থীরা ক্যাম্পস ছেড়ে চলে যেতে শুরু করেছে।

এ বিষয়ে আশুলিয়া থানার পরিদর্শক (ওসি,তদন্ত) আকবর আলী জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

উল্লেখ্য, মেডিক্যাল কলেজ পরিচালনার নীতিমালা ভঙ্গ করায় আশুলিয়ার নাইটিংগেল মেডিক্যাল কলেজের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করার নির্দেশের প্রতিবাদে গত রবিবার রাত থেকে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ করে আসছিল।